

৩১৭৬/১৭৭

৪৩৬
২৪/১২

৩০/১০/২০২২

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

খাদ্য অধিদপ্তর

বন্টন শাখা

খাদ্য ভবন, ১৬ আব্দুল গনি রোড, ঢাকা-১০০০

www.dgfood.gov.bd

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৫২.৫৭.০১৪.১৯.৬৩৪

তারিখ: ১৭ ভাদ্র ১৪২১

০১ সেপ্টেম্বর ২০২২

বিষয়: ওএমএস কার্যক্রমে চাল বিক্রির ক্ষেত্রে টিসিবি'র কার্ডধারীগণকে অগ্রাধিকার প্রদান এবং খাদ্যাশস্য বিক্রির হিসাব প্রেরণ প্রসংগে।

সূত্র: (ক) অত্র দপ্তরের ২৯/০৮/২০২২ তারিখের ৬২৮ নং স্মারক।

(খ) অত্র দপ্তরের ২৯/০৮/২০২২ তারিখের ৬২৯ নং স্মারক।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বৈশ্বিক প্রেক্ষাপটে জনসাধারণকে মূল্য সহায়তা প্রদানের লক্ষ্যে এবং চাল ও আটার বাজার মূল্য সহনীয় পর্যায়ে রাখার নিমিত্ত সারাদেশে সর্বমোট ২,৩৬৩টি কেন্দ্রে ওএমএস কার্যক্রম সম্প্রসারিত হয়েছে; যা সূত্রস্থ 'ক' স্মারকে মাঠ পর্যায়ে প্রেরণ করা হয়েছে। এছাড়াও ওএমএস ও টিসিবি কার্যক্রম সমন্বয় সাধনের মাধ্যমে খোলা বাজারে খাদ্যাশস্য বিক্রয়ের নিমিত্ত একটি পরিপত্র জারি করা হয়েছে; যা সূত্রস্থ 'খ' স্মারকে মাঠ পর্যায়ে প্রেরণ করা হয়েছে।

বর্তমান পরিস্থিতি বিবেচনায় ওএমএস কার্যক্রম পরিচালনার ক্ষেত্রে নিম্নোক্ত নির্দেশনাবলি অনুসরণের জন্য অনুরোধ করা হলো :

- (১) দৈনিক ওএমএস বিক্রয় প্রতিবেদনের সাথে টিসিবি'র কার্ডধারীগণের নিকট বিক্রয়কৃত খাদ্যাশস্যের পরিমাণ এবং সাধারণ ক্রেতাদের নিকট বিক্রয়কৃত খাদ্যাশস্যের পরিমাণ (চাল ও আটা) পৃথকভাবে উল্লেখ করতে হবে। এছাড়াও খাদ্যাশস্য বিক্রির মাস্টাররোল যথাযথভাবে সংরক্ষণের ব্যবস্থা গ্রহণ করতে হবে।
- (২) টিসিবি'র কার্ডধারীগণ অগ্রাধিকার ভিত্তিতে তাদের জন্য নির্ধারিত লাইনে দাঁড়িয়ে চাল ক্রয় করতে পারবেন এবং সাধারণ ক্রেতাদের লাইনে দাঁড়িয়ে আগে আসলে আগে পাবেন ভিত্তিতে আটা ক্রয় করতে পারবেন।

এতে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন রয়েছে।

১-৯-২০২২

তপন কুমার দাস

পরিচালক (চলতি দায়িত্ব)

ফোন: +৮৮-০২-৪১০৫০০৯১

ফ্যাক্স: +৮৮-০২-৯৫৮৫০৯০

ইমেইল: dsdm@dgfood.gov.bd

বিতরণ :

- ১) আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, ঢাকা/খুলনা/রংপুর/চট্টগ্রাম/সিলেট/বরিশাল/রাজশাহী/ময়মনসিংহ
- ২) প্রধান নিয়ন্ত্রক, ঢাকা রেশনিং, ঢাকা।

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৫২.৫৭.০১৪.১৯.৬৩৪/১(৮৭)

তারিখ: ১৭ ভাদ্র ১৪২১

০১ সেপ্টেম্বর ২০২২

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১) অতিরিক্ত মহাপরিচালক, অতিরিক্ত মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর
- ২) পরিচালক, প্রশাসন/সববি/চসসা/হিসাব ও অর্থ/সংগ্রহ/পউকা/প্রশিক্ষণ বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা।